গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
www.betar.gov.bd

জরুরী

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৭. ৩৬৪৫ তারিখ: ১১/০১/২০১৮

বিষয়: **বর্তমান সরকারের ০৪ (চার) বৎসর পূর্তি উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতির উদ্দেশে প্রদত্ত ভাষণ সরাসরি সম্প্রচার।**

আগামী ১২ জানুয়ারি ২০১৮, শুক্রবার বর্তমান সরকারের ০৪ (চার) বৎসর পূর্তি উপলক্ষে সম্ভাব্য সময় সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির উদ্দেশে ভাষণ প্রদান করবেন। মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে, এফ.এম ১০৬.০ মেগাহার্জে, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফ.এম ৮৮.৮ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে। এছাড়া বাংলাদেশ বেতারের অন্যান্য আঞ্চলিক কেন্দ্রের স্ব স্ব মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফ.এম ব্যান্ডে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ একযোগে রীলে হবে। তবে সংশ্লিষ্ট এফ.এম ব্যান্ডে বিবিসি-র অনুষ্ঠান যথারীতি প্রচার হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের বিকল্প এফ.এম ব্যান্ডে (যদি থাকে) মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ রীলে হবে।

২। উক্ত ভাষণ প্রচারের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস অনুবিভাগ-এর সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে মাননীয় প্রধানমন্ত্রীর প্রচার নিশ্চিত করবেন।

৩। উক্ত ভাষণ প্রচারকালে ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, আযান, জাতীয় অনুষ্ঠান, আবহাওয়াবার্তা মধ্যম তরঙ্গ ৬৩০ কিলোহার্জে, এফ.এম. ১০৪.০ মেগাহার্জে ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে এবং ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ও ঢাকা ব্যতীত অন্যান্য আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সিতে পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।

৪। মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ প্রচারকালীন মহাশক্তি প্রেরণ কেন্দ্রে বিদ্যুৎ/যান্ত্রিক বিঘ্ন ঘটলে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ তাৎক্ষণিকভাবে মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জে ও এফ.এম ১০৬.০ মেগাহার্জে প্রচার শুরু হবে। এ সময় বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্রের অনুষ্ঠান প্রচার ব্যবস্থাপনার বিষয়ে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট প্রকৌশল শাখার সাথে আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৫। উল্লিখিত ভাষণ সম্প্রচারের সাথে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ প্রচার শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে ভাষণ প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৬। **উক্ত তারিখে বাংলাদেশ বেতার বরিশাল, রাঙ্গামাটি, কক্সবাজার ও বান্দরবান কেন্দ্রের ট্রান্সমিটারগুলো নির্ধারিত সময়ে বিরত না হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ প্রচার শেষে বিরত হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট ০৪টি আঞ্চলিক কেন্দ্র থেকে নির্ধারিত অধিবেশন শেষে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ প্রচারের পূর্ব পর্যন্ত বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক আলোচনা অনুষ্ঠান, শ্লোগান, গান, স্পট, জিঙ্গেল ইত্যাদি প্রচারের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।**

৭। মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এবং অন্যান্য আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক প্রকৌশলীগণ স্ব স্ব ক্ষেত্রে যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।

৮। বাংলাদেশ বেতারের সংশ্লিষ্ট ইউনিট/কেন্দ্রের পরিচালক/আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী-গণ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ প্রচারকালীন প্রচার কার্যক্রম তত্ত্বাবধান করবেন। এছাড়া তাঁদের আওতাধীন বেসরকারী এফ.এম/কমিউনিটি বেতার-এ ভাষণটি যথাযথভাবে রীলে হচ্ছে কিনা তা মনিটর করবেন। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, আঞ্চলিক পরিচালক এবং আঞ্চলিক প্রকৌশলী-গণ ভাষণ প্রচারকালীন তাৎক্ষণিকভাবে এবং প্রচার পরবর্তী সময়ে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ প্রচারের মনিটরিং প্রতিবেদন লিখিতভাবে মহাপরিচালক-কে প্রদান করবেন।

৯। মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের ব্যাপকভাবে অবহিত করার জন্য আঞ্চলিক পরিচালকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ সম্প্রচারের পূর্বে/পরে ফিলার প্রচারে স্ব স্ব উপস্থাপনা শাখা অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করবে।

১১। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। **বাংলাদেশ বেতারের সৌজন্যে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ রীলের জন্য সকল বাণিজ্যিক এফ.এম বেতার ও কমিউনিটি রেডিও প্রধানদের অনুরোধ করা হলো।**

(সালাহউদ্দিন আহমেদ)
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান
মহাপরিচালকের পক্ষে।
ফোন: ০২-৪৪৮১৩০৬৭

বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১। উপ-মহাপরিচালক, বার্তা/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার,ধামরাই, ঢাকা।
৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা **(দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার,ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর ।
৪। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/কৃষি বিষয়ক কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/লিয়াজোঁ, আগারগাঁও, ঢাকা।
৫। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/ঠাকুরগাঁও/কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কুমিল্লা/পুরাতন প্রচার ভবন, শাহবাগ, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম।
৬। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া।
৭। উপ-বার্তা নিয়ন্ত্রক/উপ-আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার বরিশাল/রাঙামাটি/বান্দরবান/ঠাকুরগাঁও/কক্সবাজার/কেন্দ্রীয় ভান্ডার, পাহাড়তলী, চট্টগ্রাম।